গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
বাজেট শাখা
www.probashi.gov.bd

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	মোঃ শহীদুল আলম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও টিম লিডার, এপিএ কমিটি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
স্থানঃ	মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখঃ	২৮-০২-২০২১
সময়ঃ	বিকাল ০৩:০০ ঘটিকা।

০২। সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

০৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভার কার্যপত্র উপস্থাপন করেন। শুরুতেই গত সভার সিদ্ধান্তসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে ০৩টি সিদ্ধান্তের মধ্যে ০৩টিই বাস্তবায়ন হয়েছে। অতপর তিনি জানান, প্রেরিত প্রস্তাবের বিপরীতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত নতুন ০২টি সূচকসহ ২০২০-২০২১ অর্থ বছরে মন্ত্রণালয়ের এপিএ'র আওতায় মোট ৬৪টি কর্মসম্পাদন সূচক রয়েছে, যা মন্ত্রণালয়ের ৮টি অনুবিভাগ বাস্তবায়ন করছে। এপিএ'র বাস্তবায়ন অগ্রগতির উইংভিত্তিক কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, ৬৪টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ৪১টি সূচকের লক্ষ্যমাত্রা সফলভাবে বাস্তবায়িত হয়েছে, ০৯টি সূচকের অগ্রগতি মন্থর/কম এবং করোনা মহামারীর কারণে ০২টি সূচকের কোন বাস্তবায়ন অগ্রগতি নেই। তবে বিকল্প পদ্ধতিতে কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ১২টি সূচক চলমান/বাস্তবায়নাধীন আছে। সভায় অনুবিভাগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিহীন, বাস্তবায়ন প্রক্রিয়াধীন এবং কম অগ্রগতি সম্পন্ন সূচকসমূহের বিষয়ে বিশদ আলোচনা করা হয় এবং তা দ্রুত বাস্তবায়নের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। বাস্তবায়নকৃত সকল কর্মসম্পাদন সূচকের বিপরীতে মাসিক/কোয়ার্টারভিত্তিক যথাযথ প্রমাণক দাখিল করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। ডিজিটাল নথিতে প্রমানক সংরক্ষণ করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন এবং এপিএ অর্জনে আরো তৎপর হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

০৪। অনুবিভাগ ভিত্তিক এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

৪.১। মিশন ও কল্যাণ অনুবিভাগঃ- কর্মসম্পাদন সূচক- ২০টি, অর্জিত- ১৮টি, অগ্রগতিহীন সূচক- ২টি।

অগ্রগতিহীন সূচক ২টি হলোঃ

১.৩.৩- মন্ত্রণালয় কর্তৃক মিশনের শ্রম উইং পরিদর্শন ও অভ্যন্তরীণ অডিটকৃত।
১.৩.৭- পরিদর্শন প্রতিবেদনের আলোকে সুপারিশ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।

৪.২। কর্মসংস্থান অনুবিভাগঃ- কর্মসম্পাদন সূচক- ৬টি, অর্জিত- ৪টি, কম অগ্রগতি- ২টি।

কম অগ্রগতির সূচক ২টি হলোঃ

১.৬.৫- বিএমইটির পরিচালিত বিদেশ গমণ ইচ্ছুক কর্মীর Data Bank এর কার্যক্রম পর্যালোচনা।
২.৪.৪- সরকারী চ্যানেলে বিনা অভিবাসন ব্যয়ে জাপানসহ অন্যান্য দেশে কর্মী প্রেরণ।

৪.৩। **মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগঃ**- কর্মসম্পাদন সূচক- ১০টি, অর্জিত-০৬টি, বাস্তবায়নাধীন সূচক- ২টি, কম অগ্রগতির সূচক ২টি।

কম অগ্রগতির সূচক ২টি হলোঃ

২.৪.৩- অভিবাসন ব্যয় হ্রাস ও নিয়ন্ত্রণ কল্পে পরিবীক্ষণমূলক কার্যক্রম গ্রহণ।

২.৪.১- সরকারি চ্যানেলে স্বল্প ব্যয়ে নিরাপদ কর্মসংস্থান বৃদ্ধি।

বাস্তবায়নাধীন সূচক ২টি হলোঃ

৩.১.৩- ওটিসি এর স্থানীয় অফিস পরিদর্শন।

১.৫.২- মন্ত্রণালয়ের বিদ্যমান মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত।

৪.৪। **প্রশিক্ষণ অনুবিভাগঃ**- কর্মসম্পাদন সূচক- ৭টি, অর্জিত- ৩টি, কম অগ্রগতির সূচক-১টি, বাস্তবায়নাধীন সূচক- ৩টি।

কম অগ্রগতির সূচক ১টি হলোঃ

৩.১.১-টিটিসি ও আইএমটির প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন।

বাস্তবায়নাধীন সূচক ৩টি হলোঃ

১.৬.২-সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিলবোর্ড স্থাপন।

১.৬.৪-জেলায় টিটিসি/আইএমটি/ডিইএমওতে নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন বিষয়ক সেমিনার আয়োজন। ৪৪টি সেমিনার আয়োজনের কাজ চলছে। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে।

এম ২.৪.১- প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত। প্রশিক্ষন প্রদান চলছে।

৪.৫। **প্রশাসন ও অর্থ অনুবিভাগঃ**- কর্মসম্পাদন সূচক- ১৫টি, অর্জিত- ৯টি, কম অগ্রগতির সূচক- ৪টি, বাস্তবায়নাধীন সূচক- ২টি।

কম অগ্রগতির সূচক ৪টি হলোঃ

১.৬.৬- টিভিসি/লিফলেট/ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রচার।

এম ১.২.১- শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা।

৩.১.২- টিটিস ও আইএমটি অভ্যন্তরীন নিরীক্ষা ও মূল্যায়ণ।

এম ৩.১.১- ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত।

বাস্তবায়নাধীন সূচক ২টি হলোঃ

১.৬.১- বঙ্গবন্ধু কর্ণার (বঙ্গবন্ধু সংশ্লিষ্ট ঐতিহাসিক ছবি, পোস্টার, গ্রন্থ ও অন্যান্য প্রকাশনা সংগ্রহ ও প্রদর্শন) স্থাপন।

এম ২.৫.১- ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত।

৪.৬। **উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগঃ**- কর্মসম্পাদন সূচক- ৪টি, অর্জিত- ১টি, বাস্তবায়নাধীন সূচক- ৩টি।

বাস্তবায়নাধীন সূচক ৩টি হলোঃ

৩.২.১- উপজেলা পর্যায়ে নির্মাণাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শণ।

এম ৩.২.১- বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়িত।

৩.২.২- ৫৫টি জেলায় জনশক্তি ও কর্মসংস্থান অফিস স্থাপনের সম্ভাব্যতা যাচাই ও ডিপিপি প্রণয়ন।

৪.৭। **গবেষণা ও নীতি অনুবিভাগঃ**- কর্মসম্পাদন সূচক- ১টি, বাস্তবায়নাধীন সূচক- ১টি

বাস্তবায়নাধীন সূচক ১টি হলোঃ

২.১.১-অভিবাসন ও শ্রম বাজার গবেষণা।

৪.৮। **দপ্তর ও সংস্থা অনুবিভাগঃ**- কর্মসম্পাদন সূচক- ১টি, বাস্তবায়নাধীন সূচক- ১টি

বাস্তবায়নাধীন সূচক ১টি হলোঃ

৩.২.৩- সরকারি কর্মকর্তা/কর্মচারী (বিএমইটি ও এর আওতাধীন দপ্তরসমূহ) খসড়া নিয়োগ বিধিমালা (সংশোধিত) প্রণীত।

০৫। সভায় জানোনো হয় যে মূলত কোভিড -১৯ এর বাধার কারণে অধিকাংশ সূচকের কার্যক্রম পিছিয়ে আছে। এপ্রিল/মে এর দিকে সকল কাজের ১০০% বাস্তবায়ন সম্ভব হবে। কম অগ্রগতি অর্জিত কাজের কাঙ্খিত অগ্রগতি অর্জনের নিমিত্ত কর্মপরিকল্পনা গ্রহণ করার জন্য সভা বিশেষ গুরুত্বারোপ করে।

০৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) মিশন ও কল্যাণ অনুবিভাগের অধীনে সূচক নং- '১.৩.৩ মন্ত্রণালয় কর্তৃক মিশনের শ্রম উইং পরিদর্শন ও অভ্যন্তরীণ অডিটকৃত' অনলাইনে শ্রম কল্যাণ উইং পরিদর্শন ও অডিট সম্পাদন সম্পন্ন করতে হবে।

(খ) মিশন ও কল্যাণ অনুবিভাগের অধীনে সূচক নং- '১.৪.১ প্রবাসী কর্মীদের বিশেষ সহায়তা প্রদানের বিষয়ে অংশীজনের সভা' মিশনে শ্রম কল্যাণ উইং সভা করবে।

(গ) অনুবিভাগ ভিত্তিক আংশিক অর্জিত এবং অর্জনের জন্য প্রক্রিয়াধীন সূচকের বাস্তবায়ন কার্যক্রম জোরদার করতে হবে এবং সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র সূচক ভিত্তিক প্রমানক ক্রমান্বয়ে সফট কপিতে রূপান্তর করতে হবে।

(ঙ) প্রত্যেক অনুবিভাগকে এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (যথাযথ প্রমানকসহ) মাসের ২য় সপ্তাহের মধ্যে বাজেট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০৩/২০২১
(মোঃ শহীদুল আলম, এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও
টিম লিডার, এপিএ কমিটি

নং-৪৯.০০.০০০০.০৪৩.৯৯.০১৭.২০(অংশ-১)- ৭৪ তাং- ০২ মার্চ ২০২১।

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব/অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
৩। মহাপরিচালক, ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৫। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮। প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (বাজেট ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। অফিস কপি।

02/06/2022
(মোহাম্মদ শাহ্জাহান মিয়া)
সহকারী সচিব (বাজেট)